

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১২৬.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/এ, হারুন মোল্লা ঈদগাহ মাঠ কম্পাউন্ডে বিদ্যমান ওয়াটার হাইড্রান্ট মেরামত করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।



নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/এ, হারুন মোল্লা ঈদগাহ মাঠ কম্পাউন্ডে বিদ্যমান ওয়াটার হাইড্রান্ট মেরামত করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২২/৬/২৩ ১০:০০ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শুষ্ক মৌসুমে পানির ভূ-গর্ভস্থ স্তর নীচে চলে যাওয়ায় এবং বিদ্যুত বিভ্রাটের কারনে বিভিন্ন এলাকায় পানির পাম্পের উৎপাদন কমে যাওয়ায় পানি সংকটের তৈরী হয়। তখন পানির গাড়ীর মাধ্যমে গ্রাহকগণকে পানি সরবরাহ করতে হয়। সমগ্র মিরপুর এলাকায় সরকারের উন্নয়ন মূলক কার্যক্রম চলমান থাকার কারনে শুষ্ক মৌসুমে মডস জোন-১০ কম্পাউন্ডে বিদ্যমান Water Hydrant হতে দূরবর্তী এলাকায় পানির গাড়ীতে পানি সরবরাহ করতে অনেক সময় লেগে যায়, ফলে গ্রাহকের চাহিদা অনুযায়ী পানির গাড়ীদ্বারা পানি সরবরাহ করা যায় না। অত্র জোনের আওতায় মিরপুর-১২/এ, হারুন মোল্লা ঈদগাহ মাঠ কম্পাউন্ডে একটি Water Hydrant রয়েছে। যা বর্তমানে ব্যবহার অনুপযোগী। এই Water Hydrant টি মেরামত করা হলে চলমান শুষ্ক মৌসুমে মিরপুর ডিওএইচএস, মিরপুর-১১, মিরপুর-১২, সাগুফতা হাউজিং এলাকায় পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহে গ্রাহক ভোগান্তি লাঘবের পাশাপাশি সময় ও পানির অপচয় রোধ করা যাবে। এর ফলে ঢাকা ওয়াসার সেবার মান, সুনাম বৃদ্ধি পাবে। তাই অতি জরুরী ভাবে মিরপুর-১২/এ, হারুন মোল্লা ঈদগাহ মাঠ কম্পাউন্ডে বিদ্যমান Water Hydrant টি মেরামত করা একান্ত প্রয়োজন। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-২)। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৮,৯০০/- (আটচল্লিশ হাজার নয়শত টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। আলোচ্য কাজটির ব্যয়ভার মডস জোন-১০ এর ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-১৩ (বাজেট কোড: ০১-০৪-০০১) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২২/৬/২৩ ১০:০০ পূর্বাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/এ, হারুন মোল্লা ঈদগাহ মাঠ কম্পাউন্ডে বিদ্যমান ওয়াটার হাইড্রান্ট মেরামত করণ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী জরুরী ভিত্তিতে মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য ৪৮,৯০০/- (আটচল্লিশ হাজার নয়শত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির সদয় অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

 ২২/৬/২৩ ১০:০৬ পূর্বাহ্ন মোঃ বরকত উল্লাহ উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	 ২২/৬/২৩ ৩:১৮ অপরাহ্ন নূর মোহাম্মদ জিয়াউল হক সহকারী প্রকৌশলী মডস জোন-১০	 ২২/৬/২৩ ৬:৩২ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	 ২২/৬/২৩ ৯:২৭ অপরাহ্ন মোঃ মিজানুর রহমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২
---	---	--	---


২২/৬/২৩ ৯:২৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৪/৬/২৩ ৭:৪১ অপরাহ্ন

অনুমোদিত



২৪/৬/২৩ ৭:৪১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৫/৬/২৩ ১১:৩৫ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২৫/৬/২৩ ১১:৩৫ পূর্বাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০